গাংনীতে আহলেহাদীছ আন্দোলনের কর্মী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ ও আহলেহাদীছ পেশাজীবী ফোরাম, মেহেরপুর জেলা-এর যৌথ উদ্যোগে প্রশিক্ষণ কর্মশালা–২০২৬ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত গাংনী শহর আহলেহাদীছ জামে মসজিদে এ কর্মশালায় সংগঠনের বিভিন্ন পর্যায়ের কর্মীরা অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আহলেহাদীছ আন্দোলনের সেক্রেটিারি জেনারেল ও মেহেরপুর আহলেহাদীছ আন্দোলনের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মাদ নুরুল ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ শিক্ষা বোর্ড, রাজশাহীর চেয়ারম্যান ড. আহমাদ আব্দুল্লাহ ছাকিব।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সংগঠনের কেন্দ্রীয় যুববিষয়ক সম্পাদক মাওলানা মুহাম্মাদ আব্দুর রশিদ আখতার, কেন্দ্রীয় পাঠাগার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক অধ্যাপক মুহাম্মাদ আব্দুল ওহাব।

দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মশালায় সংগঠনের আদর্শ, সাংগঠনিক দায়িত্ব, কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং ইখলাস ও তাক্বওয়াভিত্তিক জীবন গঠনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি উপস্থিত কর্মীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন অতিথিবৃন্দ।

গাংনীর বামন্দীতে ভ্রাম্যমাণ আদালতে হোটেল ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুরের গাংনীর বামন্দী বাজারে ভ্রাম্যমাণ আদালতে এক হোটেল ব্যবসায়ীকে ৫ হাজার জরিমানা করা হয়েছে। শনিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

আদালত পরিচালনা করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সিরাজুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে,বামন্দী বাজারে অবস্থিত লালন হাটেল এন্ড রেস্তোরায় রান্নার কাজে পুরাতন তেল ব্যবহার এবং খাবার ঢেকে না রাখার প্রমাণ পাওয়া যায়।

এসব অনিয়মের দায়ে নিরাপদ খাদ্য আইন, ২০১৪-এর সংশ্লিষ্ট ৭ ধারায় প্রতিষ্ঠানটির মালিককে ৫ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট। এ ধরনের অপরাধ নিরাপদ খাদ্য আইনের আওতায় দণ্ডনীয়।

চার দিন ধরে ভাঙা গাংনীর ভবানীপুর-বেতবাড়ীয়া সড়ক

টানা বৃষ্টিতে চার থেকে পাঁচ দিন আগে ভেঙে যায় মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের ভবানীপুর থেকে বেতবাড়ীয়া সড়কটি। সীমাহীন দুর্ভোগ নিয়ে যাতায়াত করছে সাধারণ মানুষ। চলাচল করতে পারছে না ভারী যানবাহন।

তবে এখন পর্যন্ত কর্তৃপক্ষ মেরামতের কাজ শুরু করেনি। এতে স্থানীয় জনগণ, পথচারী ও যানবাহন চালকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

গতকাল শুক্রবার সকালে সরেজমিনে গিয়ে দেখা যায়, চরম কষ্ট ও দুর্ভোগ নিয়ে মানুষ চলাচল করছে। তবে ভারী যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে।

স্থানীয়রা জানান, টানা বৃষ্টিতে মেহেরপুরের গাংনী উপজেলার ভবানীপুর-বেতবাড়ীয়া রাস্তাটি চার-পাঁচ দিন আগে ভেঙে চলাচলের একেবারে অযোগ্য হয়ে পড়েছে।

এখন পর্যন্ত কর্তৃপক্ষের কোনো উদ্যোগ দেখা যায়নি। চরম দুর্ভোগ আর কষ্ট নিয়ে কোনো রকমে মানুষ চলাচল করছে। ভারী যানবাহন তো দূরের কথা, মোটরসাইকেল ও অটো নিয়েও চলাচল করা কঠিন হয়ে দাঁড়িয়েছে। যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।

স্থানীয় বাসিন্দা ফিরোজ আহমেদ বলেন, “টানা বৃষ্টিতে রাস্তা একেবারে ভেঙে গেছে। মানুষ যানবাহন নিয়ে চলাচল করতে পারছে না। রাস্তাটি চার-পাঁচ দিন আগে ভাঙলেও এখন পর্যন্ত কর্তৃপক্ষকে মেরামতের কোনো উদ্যোগ নিতে দেখলাম না, অথচ এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখন পর্যন্ত কাজ শুরু না হওয়া অত্যন্ত দুঃখজনক।”

তিনি আরও বলেন, “আরেকটু ভারী বৃষ্টি হলে রাস্তাটি ভেঙে দুভাগ হয়ে যাবে। মানুষ চরম আতঙ্ক নিয়েই চলাচল করছে। রাতে যাতায়াতের সময় মানুষ সবচেয়ে বেশি ভয় পাচ্ছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জোর দাবি, অনতিবিলম্বে যেন কাজটি শুরু করা হয়।”

অটোচালক আলামিন হোসেন বলেন, “চার থেকে পাঁচ দিন আগে রাস্তাটি ভেঙে গেলেও এখনো কোনো সংস্কারের উদ্যোগ নেওয়া হয়নি। মানুষ যে কত কষ্ট করে যাতায়াত করছে, তা বলে বোঝানো সম্ভব না। জনপ্রতিনিধিরা কেন এখনো উদ্যোগ নিয়ে কাজটি করলেন না, তা বুঝে আসে না। রাত হলে এই রাস্তাটি বড় ধরনের দুর্ঘটনার কারণ হতে পারে। বড় কোনো দুর্ঘটনা ঘটার আগেই রাস্তাটি দ্রুত মেরামত করা দরকার।”

পথচারী ফজলুর রহমান বলেন, “রাস্তাটি ভেঙে গেলেও কর্তৃপক্ষের তেমন কোনো মাথাব্যথা নেই। যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাই কর্তৃপক্ষের কাছে অনুরোধ, অতি দ্রুত বিষয়টি সমাধান করুন।”

কাজীপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মো. মতিয়ার মোল্লা বলেন, “গত বছরও এখানে রাস্তাটি ভেঙে গিয়েছিল, এবারও একই

জায়গায় ভেঙেছে। রাস্তায় প্যালাসাইডিং না করলে এটি বারবার ভাঙবে। কর্তৃপক্ষের কাছে অনুরোধ, প্যালাসাইডিং দিয়ে অতি দ্রুত রাস্তাটি মেরামত করুন।”

কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আলম হোসাইন বলেন, “আমরা রাস্তাটি মেরামতের জন্য কয়েকবার উদ্যোগ নিলেও বৃষ্টির কারণে কাজ করতে পারিনি। আশা করছি আগামীকাল কাজ শুরু করব। তাছাড়া জনদুর্ভোগ কমাতে অতি দ্রুত কাজটি করার জন্য সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা রয়েছে।”

গাংনী উপজেলা প্রকৌশলী রোকনুজ্জামান বলেন, “ভবানীপুর-বেতবাড়ীয়ার ভাঙা রাস্তাটি আমরা সরেজমিন পরিদর্শন করেছি। জনদুর্ভোগের কথা চিন্তা করে দ্রুত মেরামতের কাজ শুরু করা হবে।”

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, “সংশ্লিষ্ট দপ্তরের সাথে কথা বলেছি, অতি দ্রুত মেরামতের উদ্যোগ নেওয়া হবে।”

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মো. নাজমুল হুদা বলেন, “সংবাদমাধ্যম ও স্থানীয় জনগণের মাধ্যমে আমরা জানতে পেরেছি, রাস্তাটি নিয়ে মানুষ চরম দুর্ভোগে রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা হয়েছে। আশা করছি, অতি দ্রুত মেরামতের কাজ শুরু হবে।”

কক্সবাজার সৈকতে ভেসে নিখোঁজ মেহেরপুরের হেলাল, ছেলে উদ্ধার

কক্সবাজার সমুদ্রসৈকতে গোসল করতে নেমে ভাটার তীব্র স্রোতে ভেসে গিয়ে মেহেরপুরের এক ব্যক্তি নিখোঁজ হয়েছেন। এ সময় তার ছেলেকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে কক্সবাজার জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে কক্সবাজার সমুদ্রসৈকতের কলাতলী

পয়েন্টে এ ঘটনা ঘটে।

নিখোঁজ ব্যক্তি মোহাম্মদ হেলাল উদ্দীন (৫২)। তিনি মেহেরপুর সদর উপজেলার পশু হাসপাতালপাড়া এলাকার মৃত আনোয়ার শেখের ছেলে। উদ্ধার হওয়া তার ছেলে মোহাম্মদ নিলয় (২২) বর্তমানে কক্সবাজার জেলা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

জানা গেছে, বাবা-ছেলে একসঙ্গে সমুদ্রে গোসল করতে নামলে ভাটার তীব্র স্রোতে তারা ভেসে যান। পরে উদ্ধারকারীরা নিলয়কে উদ্ধার করতে সক্ষম হলেও হেলাল উদ্দীনের এখনো কোনো সন্ধান মেলেনি।

কক্সবাজার জেলা প্রশাসনের পর্যটন সেলের নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুর রহমান সায়েম জানান, পর্যটক নিখোঁজ হওয়ার খবর পেয়ে উদ্ধার অভিযান শুরু করা হয়েছে। জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সংস্থাগুলো নিখোঁজ হেলাল উদ্দীনকে উদ্ধারে কাজ করছে।

ক্যান্সারে আক্রান্ত এনসিপি নেতা তামিমকে দেখতে গেলেন এমপি তাজউদ্দিন খান

ক্যান্সারে আক্রান্ত এনসিপি নেতা তামিমের শারীরিক অবস্থার খোঁজখবর নিতে তাঁর বাসভবনে গেছেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মো. তাজউদ্দিন খান।

বৃহস্পতিবার (২৩ জুলাই) বাদ আসর তিনি তামিমের বাসভবনে উপস্থিত হয়ে তাঁর চিকিৎসার সার্বিক অগ্রগতি সম্পর্কে খোঁজ নেন। এ সময় তিনি অসুস্থ তামিমের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন, তাদের প্রতি সমবেদনা ও সাহস জোগান।

এমপি তাজউদ্দিন খান ক্যান্সারে আক্রান্ত তামিমের দ্রুত সুস্থতা ও আরোগ্য কামনা করে মহান আল্লাহর দরবারে দোয়া করেন এবং প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন।

এ সময় মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি মো. ইকবাল হোসাইন এবং পেশাজীবী সংগঠনের জেলা দায়িত্বশীল মো. আল আমিন ইসলাম বকুল উপস্থিত ছিলেন।

যোগাযোগ ব্যবস্থার বেহাল দশায় মুজিবনগরের শিবপুর কমিউনিটি ক্লিনিক, দুর্ভোগে মা ও শিশু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামের ৫ নম্বর ওয়ার্ডে ভৈরব নদীর তীরে অবস্থিত শিবপুর কমিউনিটি ক্লিনিকটি অবকাঠামোগত সংকট ও বেহাল যোগাযোগ ব্যবস্থার কারণে চরম দুর্ভোগের মধ্যে রয়েছে। বিশেষ করে গর্ভবতী নারী, নবজাতক শিশু এবং সাধারণ রোগীদের যাতায়াতে প্রতিনিয়ত ভোগান্তি পোহাতে হচ্ছে।

স্থানীয়দের অভিযোগ, ক্লিনিকটির কোনো সীমানা প্রাচীর নেই। ক্লিনিক চত্বরে একটি ইটের স্তুপ ও এক গৃহস্থের গোলাবাড়ি থাকায় প্রতিষ্ঠানের নিরাপত্তা ও সৌন্দর্য দুটিই ব্যাহত হচ্ছে।

ক্লিনিকটির পাশে একটি মাদ্রাসা, অদূরে বিশ্বনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। তবে এসব প্রতিষ্ঠানে যাতায়াতের সড়কের অবস্থাও অত্যন্ত নাজুক। ক্লিনিকের পশ্চিম পাশে সপ্তাহে দুই দিন হাট বসলেও হাটের স্থানটি প্রায়ই জলমগ্ন থাকে। এছাড়া ক্লিনিক থেকে পূর্ব দিকে শিবপুর বড় মসজিদমুখী এইচবিবি সড়কটি ভাঙাচোরা এবং বিশ্বনাথপুরমুখী সড়কটি বৃষ্টি হলে পানি ও কাদায় চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। ফলে ক্লিনিক, শিক্ষা প্রতিষ্ঠান ও স্থানীয় বাসিন্দাদের যাতায়াতে চরম দুর্ভোগ সৃষ্টি হচ্ছে।

শিবপুর কমিউনিটি ক্লিনিকের কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার

(সিএইচসিপি) আসমা খাতুন বলেন, “ক্লিনিকের অরক্ষিত পরিবেশ এবং বেহাল যোগাযোগ ব্যবস্থা নিয়ে আমরা উদ্বিগ্ন। প্রতিদিন চিকিৎসা নিতে আসা রোগীদের, বিশেষ করে গর্ভবতী নারী ও শিশুদের, দুর্ভোগ দেখে খারাপ লাগে।”

এলাকাবাসীর দাবি, গ্রামীণ স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে শিবপুর কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নির্মাণের পাশাপাশি আশপাশের সড়ক দ্রুত সংস্কারে উপজেলা প্রশাসনের জরুরি উদ্যোগ নেওয়া প্রয়োজন।

মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্ধোধন

“বৃক্ষ রোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালিটি বের হয়। জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে বাদ্যযন্ত্রের তালে তালে র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়। পরে সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালিতে অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সামাজিক বন বিভাগ কুষ্টিয়ার বিভাগীয় বন কর্মকর্তা মো. রেজাউল আলম, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত কৃষি কর্মকর্তা শায়খুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতে ইসলামীর রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, মেহেরপুর জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, বন কর্মকর্তা এইচ. টি. হামিম, জেলা জাসাসের আহ্বায়ক বাকা বিল্লাহসহ বিভিন্ন সরকারি-

বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।

র্যালি শেষে বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা, বনায়ন সম্প্রসারণ এবং দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি সফল করতে সবাইকে বেশি বেশি গাছ লাগানো ও পরিচর্যার আহ্বান জানান। পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সবুজ বাংলাদেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়।

চুয়াডাঙ্গার ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি নিয়ে দুই পক্ষ মুখোমুখি

চুয়াডাঙ্গার ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ; সাবেক এমপি সোলায়মান হক জোয়ার্দ্দার পরিবারের হাতছাড়া হয়ে যাচ্ছে।

এতদিন প্রতিষ্ঠানটি তাদের কবজায় থাকলেও ট্রাস্টি বোর্ডের বৈধ দাবিদার হিসেবে আলীম লস্কর, আব্দুর রাজ্জাক গং প্রতিষ্ঠানটির দায়িত্ব বুঝে নিতে যাচ্ছেন।

এই অবস্থায় দুই পক্ষের মুখোমুখি অবস্থানে উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে। দীর্ঘদিনের অনিয়ম ও লাখ লাখ টাকা আত্মসাতে প্রতিষ্ঠানটি ভঙ্গুর অবস্থায় দাঁড়িয়েছে বলে আলীম লস্করদের অভিযোগ। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রদত্ত চিঠি নিয়ে তারা দু’দিন ধরে বিশ্ববিদ্যালয়টিতে অবস্থান নিয়ে আছেন।

গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কয়েকটি অফিসে তারা তালা ঝুলিয়েও দিয়েছিলেন। পরে তা খুলে দেন তারা। চুয়াডাঙ্গায় প্রতিষ্ঠিত ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ নিয়ে তাদের অভিযোগ, ২০১২ সালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার তিন বছর পর ২০১৫ সালে ভিন্ন একটি নতুন ট্রাস্টি বোর্ড গঠন, অনুমোদনবিহীন নিয়োগ, আর্থিক অনিয়ম, বোর্ডের সিদ্ধান্ত উপেক্ষা, প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার

জোয়ার্দার রাজনৈতিকভাবে প্রভাবশালী ব্যক্তি ছিলেন এবং তার পরিবারের কয়েকজন সদস্যও স্থানীয় রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। তাদের অভিযোগ, এই রাজনৈতিক ও পারিবারিক প্রভাবকে কাজে লাগিয়ে একটি সময় বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় পারিবারিক প্রভাব প্রতিষ্ঠিত হয়। তবে এসব অভিযোগের সত্যতা নিরপেক্ষ তদন্তের মাধ্যমে যাচাই করা প্রয়োজন বলে সংশ্লিষ্টরা মনে করছেন।

অন্যদিকে, জয়েন্ট স্টকের নথি অনুযায়ী ২০২৫ সালের ২০ জুন ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করা হয় বলে অভিযোগকারীদের পক্ষ থেকে জানানো হয়েছে। ওই পুনর্গঠিত ট্রাস্টের চেয়ারম্যান করা হয় মো. আলীম উদ্দিন লস্করকে। সেক্রেটারি করা হয় আব্দুর রজ্জাক এবং ট্রেজারার করা হয় তানভীর হুদাকে। বোর্ডে আরো কয়েকজন সদস্য অন্তর্ভুক্ত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম নিয়েও একাধিক অভিযোগ রয়েছে।

অভিযোগকারীদের দাবি, এইচএসসি পাস করার পরই একজনকে বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার পদে দায়িত্ব দেয়া হয়েছিল, যা সরকারি নীতিমালা ও সংশ্লিষ্ট যোগ্যতার শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না, তা তদন্ত করা প্রয়োজন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান ও ইউজিসির নীতিমালা উপেক্ষা করে ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের দায়িত্বে থাকা নাফিউল ইসলাম জোয়ারদার শান্ত প্রশাসনিক ও একাডেমিক বিভিন্ন পদে অনুমোদনবিহীন নিয়োগ দিয়েছেন বলেও অভিযোগ করা হয়েছে।

একই সঙ্গে বোর্ড সভার সিদ্ধান্ত ছাড়াই গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদ সৃষ্টি, বিলুপ্ত ও পদায়নের অভিযোগও রয়েছে। আর্থিক ব্যবস্থাপনা নিয়েও গুরুতর অভিযোগ তুলেছেন সংশ্লিষ্টরা। তাদের অভিযোগ, বিশ্ববিদ্যালয়ের নামে সংরক্ষিত এক কোটি ৫০ লাখ টাকার একটি এফডিআর যথাযথ অনুমোদন ও আর্থিক প্রক্রিয়া অনুসরণ না করে উত্তোলন করা হয়েছে এবং ওই অর্থ আত্মসাতের অভিযোগ রয়েছে।

এ অভিযোগের সত্যতা নির্ধারণে ব্যাংক হিসাব, এফডিআর-সংক্রান্ত নথি ও বিশ্ববিদ্যালয়ের আর্থিক রেকর্ড পর্যালোচনার দাবি জানানো হয়েছে। এছাড়া শিক্ষার্থীদের কাছ থেকে অনুমোদনবিহীন অতিরিক্ত ফি ও বিভিন্ন ধরনের চার্জ আদায়ের অভিযোগও রয়েছে। অভিযোগকারীদের দাবি, এসব আদায় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি কাঠামো ও ইউজিসির নির্দেশনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

এসব তথ্যউপাত্ত নিয়ে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়টি নিজেদের দখলে নেয়ার চেষ্টা করেন আলীম লস্কর ও আবদুর রাজ্জাক গং। ওইদিন বিকেলে রেজিস্ট্রারের রুম, কম্পিউটার সেকশনসহ কয়েকটি রুমে তারা তালা ঝুলিয়ে দেন। পরে তালা খুলে দেয়া হয়। বুধবারও তারা সকাল থেকে দিনভর বিশ্ববিদ্যালয়ে অবস্থান নেন এবং পুরো বিশ্ববিদ্যালয় তাদের দখলে চলে এসেছে বলে দাবি করেন আবদুল আলীম লস্কর ও আবদুর রাজ্জাক গং।

তবে এ ব্যাপারে প্রতিষ্ঠানটির ডেপুটি রেজিস্ট্রার নাফিউল ইসলাম শান্তকে একাধিকবার কল করা হলেও তিনি রিসিভ করেননি।

মেহেরপুর পৌরসভার ঘোষণা: ময়লা ফেললে জরিমানা, গরু না নিলে নিলাম

মেহেরপুর পৌর শহর পরিচ্ছন্ন, পরিবেশবান্ধব ও দুর্ঘটনামুক্ত রাখতে একাধিক নির্দেশনা জারি করেছে মেহেরপুর পৌরসভা। পৌর কর্তৃপক্ষ জানিয়েছে, নির্ধারিত সময়ের বাইরে বা যত্রতত্র ময়লা- আবর্জনা ফেললে জরিমানাসহ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

একই সঙ্গে রাস্তায় ঘুরে বেড়ানো আটক বেওয়ারিশ গরুর প্রকৃত মালিকদের সাত দিনের মধ্যে জরিমানা দিয়ে গরু ছাড়িয়ে নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

পৌরসভার প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শহর পরিচ্ছন্ন রাখতে ভোর ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত সড়কে কোনো ধরনের ময়লা-আবর্জনা ফেলা যাবে না। নির্ধারিত স্থানে এবং নির্ধারিত সময় মেনে বর্জ্য ফেলার জন্য পৌরবাসীর প্রতি অনুরোধ জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নির্ধারিত সময়ের বাইরে কিংবা যত্রতত্র ময়লা-আবর্জনা ফেললে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে জরিমানাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অন্যদিকে, শহরের পরিবেশ দূষণ ও দুর্ঘটনা প্রতিরোধে রাস্তায় চলাচলরত কয়েকটি বেওয়ারিশ গরু আটক করেছে পৌরসভা। প্রকৃত মালিককে মালিকানার প্রমাণ দেখিয়ে নির্ধারিত জরিমানা পরিশোধের মাধ্যমে পশুপালন নিয়ন্ত্রণে খোঁয়াড় সংরক্ষণ আইন অনুযায়ী আগামী সাত দিনের মধ্যে পৌরসভা থেকে গরু ছাড়িয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

পৌর কর্তৃপক্ষ জানিয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে গরু গ্রহণ না করলে সেগুলো প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। এ বিষয়ে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণ করা হবে না।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার ৩ নম্বর বাগোয়ান ইউনিয়ন পরিষদের উদ্যোগে ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় ক্লাব ও ওয়ার্ড পর্যায়ে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে।

২০২৫-২৬ অর্থবছরের উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে যুবসমাজকে খেলাধুলায় উৎসাহিত করা এবং স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবের তরুণদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে এ কর্মসূচির আয়োজন করা হয়।

বৃহস্পতিবার সকালে বাগোয়ান ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান (প্যানেল চেয়ারম্যান) সোহরাব হোসেন।

এ সময় পরিষদের ওয়ার্ড সদস্যরা, জামায়াতে ইসলামীর প্রতিনিধি, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, বিভিন্ন ক্লাবের প্রতিনিধি এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও ওয়ার্ড পর্যায়ের দায়িত্বপ্রাপ্তদের হাতে ফুটবল, ক্রিকেট ব্যাটসহ বিভিন্ন

ধরনের ক্রীড়া সামগ্রী তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে বক্তারা বলেন, “তরুণ সমাজকে মাদক, আসক্তি ও অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে রাখতে খেলাধুলার কোনো বিকল্প নেই। এ ধরনের উদ্যোগ গ্রামীণ এলাকায় খেলাধুলার চর্চা বাড়ানোর পাশাপাশি শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

উপস্থিত শিক্ষক ও ক্লাব প্রতিনিধিরা ইউনিয়ন পরিষদের এ জনকল্যাণমূলক ও তরুণবান্ধব উদ্যোগের প্রশংসা করেন এবং ভবিষ্যতেও এ ধরনের সহায়তা অব্যাহত রাখার আহ্বান জানান।